



PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2nd Avenue (4th floor), New York, NY 10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmny@gmail.com
Web site: www.un.int/bangladesh

প্রেস রিলিজ

জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধির সাথে সৌজন্য সাক্ষাৎ করলেন মিয়ানমারে নিযুক্ত জাতিসংঘ মহাসচিবের বিশেষ দূত

নিউইয়র্ক, ২১ মে ২০১৮:

মিয়ানমারে নিযুক্ত জাতিসংঘ মহাসচিবের বিশেষ দূত মিড্ ক্রিস্টিন শ্রেনার বার্গেনার (Christine Schraner Burgener) আজ জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেনের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

রাষ্ট্রদূত মাসুদ মহাসচিবের বিশেষ দূতের দায়িত্ব গ্রহণের জন্য মিস ক্রিস্টিনকে অভিনন্দন জানান। বিশেষ দূত আশা প্রকাশ করেন, বাংলাদেশসহ সংশ্লিষ্ট সকল সদস্য দেশের সহযোগিতায় তাঁর উপর অর্পিত দায়িত্ব প্রতিপালনে তিনি সক্ষম হবেন। আলাপকালে আগামী জুন মাসে তিনি মিয়ানমার সফরের প্রস্তুতি নিচ্ছেন মর্মে উল্লেখ করেন। রাষ্ট্রদূত মাসুদ মহাসচিবের বিশেষ দূতকে দ্রুততম সুবিধাজনক সময়ের মধ্যে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান। বিশেষ দূত বলেন, তিনি বাংলাদেশে ক্যাম্পে অবস্থানরত রোহিঙ্গা জনগোষ্ঠীর বক্তব্য সরাসরি শুনতে আগ্রহী। মিড্ ক্রিস্টিন বাস্তুচ্যুত রোহিঙ্গা নাগরিকদের উদারতার সাথে মানবিক আশ্রয়দানের জন্য বাংলাদেশ সরকার ও জনগণের প্রসংশা করেন।

উল্লেখ্য গত বছর ১৬ নভেম্বর মিয়ানমারের পরিস্থিতির উপর জাতিসংঘ সাধারণ পরিষদের তৃতীয় কমিটিতে উন্মুক্ত ভোটের মাধ্যমে একটি রেজুলেশন গৃহীত হয় যাতে রাখাইন প্রদেশে অনতিবিলম্বে সহিংসতা বন্ধ, সকলের জন্য মানবিক সহায়তা নিশ্চিত করা ও বাস্তুচ্যুত রোহিঙ্গাদের নিরাপদ ও সম্মানজনক প্রত্যাবাসনের ব্যবস্থা গ্রহণের বিষয়সহ জাতিসংঘ মহাসচিবের একজন বিশেষ দূত নিয়োগের অনুমোদন দেওয়া হয়। তৃতীয় কমিটিতে উন্মুক্ত ভোটে পাশকৃত এই রেজুলেশন পরবর্তীতে ডিসেম্বর মাসের ২৪ তারিখে ৭২তম সাধারণ পরিষদের প্লেনারিতে পুনরায় উন্মুক্ত ভোটে পাশ হয়ে চূড়ান্তভাবে গৃহীত হয়। সে মোতাবেক জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেজ নিবিড় যাচাই-বাছাই প্রক্রিয়ার মাধ্যমে মিড্ ক্রিস্টিন শ্রেনার বার্গেনারকে তাঁর বিশেষ দূত হিসেবে নিয়োগ দিলেন।

মিড্ ক্রিস্টিন শ্রেনার বার্গেনার সুইজারল্যান্ডের একজন পেশাদার কূটনীতিক। তিনি এর আগে সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত হিসেবে জার্মানী ও থাইল্যান্ডে দায়িত্ব পালন করেন।
